

শুভার্থীরা

আমি যখন কৌম উল্লাসে
জড়িয়ে ধরি সাঁওতাল পরগনা
এসে আমায় বলে
জানোনা বুঝি এ অঞ্চলের নাম
ঝাড়খণ্ড হয়েছে গত মাসে ?

আমি যখন কবিসম্মেলনে
কবিতা পড়ি, কে এক শুভকামী
আমায় বলে, 'তোমার সতীর্থেরা--
বলেছে তুমি আর নও সংগ্রামী
বলেই ওরা শান্তিনিকেতনে

উধাও হল দিব্য অবকাশে...'

অলোকরঞ্জন দাশগুপ্ত

